

Times Today BD

আজিজুল ইসলাম বারী | রংপুর | 07 July, 2025

লালমনিরহাটের কালীগঞ্জ উপজেলায় জমির পজেশন পরিবর্তনকে কেন্দ্র করে চাচা- ভাতিজার দ্বন্দে রোববার কালীগঞ্জ থানায় একটি লিখিত অভিযোগ দায়ের করা হয়েছে ঘটনাটি ঘটেছে উপজেলার মদাতী ইউনিয়নের মৌজা শাখাতি গ্রামে।

সরেজমিনে গিয়ে জানা যায় যে, আব্দুর রউফ ও আব্দুর রশিদ নামে দুই ভাই মাহাতাফ নামের এক ব্যক্তির ৪০ শতাংশ জমি ক্রয় করে দুই ভাই ২০ শতাংশ করে জমিবন্টন করে ভোগদখল করে আসছেন। আব্দুর রউফের মৃত্যুর পর হঠাৎ করে তার স্ত্রী সন্তানরা মিলে দীর্ঘদিন ধরে ভোগ দখলে থাকা চাচা আব্দুর রশিদের পজেশনে ভোগ দখলে থাকা জমিতে গাছ কর্তন করে ভাতিজা জুলফিকার রানা ও তার সহযোগীরা বেদখল করে গাছ লাগান ও একটি টিনের চালা উত্তোলন করেন। এ ঘটনায় আব্দুর রশিদ বাদী হয়ে কালীগঞ্জ থানায় ও উপজেলা নির্বাহী কর্মকর্তার কার্যালয়ে একটি অভিযোগ দায়ের করেন।

এ ঘটনায় ভুক্তভোগী আয়েশা খাতুন জানান, আমার স্বামীর দলিল মূলে আমি এ জমির মালিক। কিন্তু আমার ভাতিজারা জোর করে গাছপালা কেটে নতুন করে আমার জমি বেদখল করেন বলে অভিযোগ করেন। বিবাদী জাকিয়া খাতুন বলেন, জমিটি আগে আমরা ভোগদখল করেছিলাম এখন নতুন করে আবারও আমরা আমাদের পূর্বের পজিশনে দখল নিয়েছি।

স্থানীয়রা বলেন, জমিটি আব্দুর রশিদের দখলে ছিল হঠাৎ করে রানারা বেদখল করেছে। আব্দুর রউফের বর্গাচাষী বলেন, আমি পাশের জমিটি আব্দুর রউফের পরিবারের কাছ নিয়ে বর্গাচাষ করতাম। এখন তারা আব্দুর রশিদের পজেশন দখল নিয়েছেন।

এ বিষয়ে কালীগঞ্জ থানার ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) সেলিম মালিক জানান, একটি অভিযোগ পেয়েছি। তদন্ত সাপেক্ষে প্রয়োজনীয় আইনগত ব্যবস্থা গ্রহণ করা হবে।

ওসি জমি

© 2025 TimesToday. All Rights Reserved.

Generated on 19 July, 2025 10:08

URL: <https://timestodaybd.com/public/rangpur/4403775807>